গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে উপজেলা আওয়ামীলীগ দিনব্যাপী নানা কর্মসুচী পালন করেছে। কর্মসুচীর মধ্যে মঙ্গলবার সকাল আটটার সময় গাংনী রেজাউল চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেছুর রহমান মুকুলসহ উপজেলা আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতুবৃন্দরা উপস্থিত ছিলেন।

জাতীয় পতাকা উত্তোলণ শেষে মোহাম্মদ সাহিদুজ্জামানের নেতৃত্বে একটি বিশাল প্রভাত ফেরি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করা হয়। পুষ্পস্তবক অর্পণ শেষে ১৯৫২ সালে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরাবতা পালন করা হয়। নিরাবতা পালন শেষে সংক্ষিপ্ত আলোচনা সভা ও দোয়া মোনাজাতের মাধ্যমে কর্মসুচি শেষ করেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদনের কর্মসুচীতে অংশ গ্রহন করেন গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু,পৌর যুবলীগের সাধারন সম্পাদক রাহিবুল ইসলাম,কৃষক লীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, সাহারবাটি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তৌহিদ মুর্শেদ অতুল,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান ও সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক,কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল প্রমুখ।এসময় উপজেলা আওয়ামীলীগ, উপজেলা যুবলীগ, পৌর